গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
[করনীতি শাখা)

নথি নং- ০৮.০১.০০০০.০৩০.০৩.০০৯.১৫/৫৬ তারিখঃ ১৭ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ
০১ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ

বিষয়ঃ অর্থ আইন, ২০১৫ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর 53HH ধারায় আনীত সংশোধনী অবহিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

০২। অর্থ আইন, ২০১৫ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 53HH এর সংশোধনী আনা হয়েছে। উক্ত সংশোধনী মোতাবেক সরকার ব্যতীত কোন ব্যক্তি, ফার্ম, ব্যক্তিসংঘ, অবিভক্ত হিন্দু পরিবার, কোম্পানী বা অন্য কোন আইনানুগ সত্তা কর্তৃক সম্পাদিত লীজ দলিল এবং পজেশন বিক্রয় দলিলকে করের আওতায় আনা হয়েছে। ফলে সরকার ব্যতীত RAJUK, CDA, RDA, KDA, NHA সহ অন্য কোন ব্যক্তি, ফার্ম, ব্যক্তিসংঘ, অবিভক্ত হিন্দু পরিবার, কোম্পানী বা অন্য কোন আইনানুগ সত্তা কর্তৃক লীজ দলিল সম্পাদন বা পজেশন বিক্রয়কালে লীজ প্রদানকারীর (lessor) নিকট হতে ৪% হারে উৎসে আয়কর আদায় করবেন।
৩। উপরি-উল্লিখিত বিধান ০১/০৭/২০১৫ খ্রিঃ থেকে কার্যকর হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা যাচ্ছে।

(জি এম আবুল কালাম কায়কোবাদ)
প্রথম সচিব (কর নীতি)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
ফোনঃ ৮৩৯২৩১২

প্রাপকঃ মহা-পরিদর্শক, নিবন্ধন,
নিবন্ধন পরিদপ্তর,
১৪. আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।

নথি নং- ০৮.০১.০০০০.০৩০.০৩.০০৯.১৫

তারিখঃ ১৭ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ
০১ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:-
১। সদস্য (কর আপীল ও অব্যাহতি)/ (কর জরিপ ও পরিদর্শন)/(লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট)/(ইন্টারন্যাশনাল ট্যাক্সেস)/(কর নীতি)/(তথ্য ব্যবস্থাপনা ও সেবা)/(কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)/(অডিট, ইন্টেলিজেন্স এন্ড ইনভেষ্টিগেশন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

(জি এম আবুল কালাম কায়কোবাদ)
প্রথম সচিব (কর নীতি)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
ফোনঃ ৮৩৯২৩১২